

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩২: দুর্বল, গরীব ও খ্যাতিহীন মুসলিমদের মাহাত্ম্য

(32) _ بَابُ فَضْل ضِعْفَةِ الْمُسْلِمِيْنَ وَالْفُقَرَاءِ وَالْخَامِلِيْنَ

আরবী

বাংলা

২/২৫৮। আবৃ আব্বাস সাহল ইবনু সা'দ সায়েদী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাশ দিয়ে পার হয়ে গেল, তখন তিনি তাঁর নিকট উপবিষ্ট একজনকে জিজ্ঞেস করলেন, "এ ব্যক্তি সম্পর্কে তোমার মন্তব্য কী?" সে বলল, 'এ ব্যক্তি তো এক সম্রান্ত পরিবারের লোক। আল্লাহর কসম! সে কোথাও বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে এবং কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হবে।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন।

কিছুক্ষণের মধ্যে আর এক ব্যক্তি পার হয়ে গেল। তিনি ঐ (উপবিষ্ট) লোকটিকে বললেন, "এ লোকটির ব্যাপারে তোমার অভিমত কী?" সে বলল, 'হে আল্লাহর রাসূল! এ তো একজন দরিদ্র মুসলিম। সে এমন ব্যক্তি যে, সে বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে না, কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হবে না এবং সে কোনো কথা বললে, তার কথা শ্রবণযোগ্য হবে না।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "এ ব্যক্তি



দুনিয়া ভর্তি ঐরূপ লোকদের চাইতে বহু উত্তম।" (বুখারী, মুসলিম) [1]

English

(32) Chapter: Superiority of Poor, Weak and unrenowned Muslims

Sahl bin Sa'd As-Sa'idi (May Allah be pleased with him) reported:

A man passed by the Prophet (﴿), so he asked a man who was sitting near him, "What is your opinion about this man?" That man replied: "He is one of the noblest men. By Allah he is certainly a proper person for (a girl) being given in marriage if he seeks to marry, and his recommendation is fit to be accepted if he recommends". Messenger of Allah (﴿) remained silent. Then another man passed. Messenger of Allah (﴿) enquired, "What is your opinion about this man?" He replied: "O Messenger of Allah, he is one of the poor Muslims. He is not a proper person (for a girl) to be given in marriage to, and his recommendation would not be accepted if he makes one; if he speaks, he is not to be listened to." Messenger of Allah (﴿) said, "He is better than the former by earthfuls".

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith contains the following two important points:

- 1. The distinction and greatness of such poor Muslims who are neither known in society because due to their poverty nor are they respected by people. But due to their Faith and piety, each of them is better in the sight of Allah than others. This Hadith makes it abundantly clear that what really matters with Allah is Faith and piety not lineage nor pomp and show.
- 2. For marriage purposes, men and women of noble character should be selected even if they are poor because at the level of religion they are on par with other Muslims. Thus, the principle underlined here is that the preference should be given to the equality in respect of religion rather than worldly wealth and richness.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫০৯১, ৬৪৪৭,ইবনু মাজাহ ৪১২০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন